

নং ২/ক্রি/১/২৮২০১৬/০২

তারিখ ২৭.১০.১৬


২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির সংশোধিত বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির নিমিত্তে স্মারক নং-২/শিক্ষা/ইবি-২০১৬/২৩৭৮, তারিখঃ-০৫-০৯-২০১৬ ইং দ্বারা ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি নির্দেশিকা প্রচার করা হয়েছিল। উক্ত বিজ্ঞপ্তিতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের তারিখ ১৯-১১-২০১৬ ইং থেকে ২৪-১১-২০১৬ ইং পর্যন্ত নির্ধারিত ছিল। ১৯-১১-২০১৬ ইং থেকে ২৭-১১-২০১৬ ইং পর্যন্ত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা-এর ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের (অর্থাৎ একই সময়ে দু'বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা) ঘোষণা থাকায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাসহ ভর্তি সংক্রান্ত অন্যান্য তারিখসমূহের তফসিল নিম্নরূপভাবে পুনঃ নির্ধারণ করা হলো :

পুনঃ নির্ধারিত তারিখসমূহের তফসিল :

- ১। ভর্তি পরীক্ষার নিমিত্তে আবেদন করার সময়সীমা ৩১-১০-২০১৬ ইং পর্যন্ত বৃদ্ধি করা হলো।
- ২। ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র ইস্যুর সময়সীমা ১০-১১-২০১৬ ইং থেকে ২০-১১-২০১৬ ইং পর্যন্ত নির্ধারণ করা হলো।
- ৩। ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের তারিখ ০৪-১২-২০১৬ ইং থেকে ০৮-১২-২০১৬ ইং পর্যন্ত নির্ধারণ করা হলো।
- ৪। ভর্তি পরীক্ষার ফলাফল ১১-১২-২০১৬ ইং তারিখের মধ্যে প্রকাশের সময়সীমা নির্ধারণ করা হলো।
- ৫। মেধা তালিকায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তি ১৭-১২-২০১৬ ইং থেকে ০৯-০১-২০১৭ ইং পর্যন্ত নির্ধারণ করা হলো।
- ৬। মেধা তালিকায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের সাক্ষাৎকার গ্রহণের সময়সীমা ১৭-১২-২০১৬ ইং থেকে ২১-১২-২০১৬ ইং তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো।
- ৭। মেধা তালিকায় ভর্তির পর ইউনিটে অন্তর্ভুক্ত বিভাগসমূহে আসন শূন্য থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিটের মধ্যে বিভাগ পরিবর্তনের সময়সীমা ১১-০১-২০১৭ ইং থেকে ১৫-০১-২০১৭ ইং তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো।
- ৮। মেধা তালিকায় ভর্তির পর আসন শূন্য থাকা সাপেক্ষে অপেক্ষমান মেধা তালিকা এবং বিশেষ কোটায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তি ১৬-০১-২০১৭ ইং থেকে ২৯-০১-২০১৭ ইং তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো।
- ৯। ৩০-০১-২০১৭ ইং থেকে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ক্লাশ শুরুর তারিখ নির্ধারণ করা হলো।
- ১০। বিশেষ কোটার নির্ধারিত আবেদন করার সময়সীমা ১৩-১২-২০১৬ ইং থেকে ২২-১২-২০১৬ ইং পর্যন্ত নির্ধারণ করা হলো।

ইতিপূর্বে প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি নির্দেশিকার অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। উক্ত বিজ্ঞপ্তি ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd -এ জানা যাবে।


 (এস.এম.আব্দুল লতিফ)
 রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
 ইসলামী বিশ্ববিদ্যালয়
 কুষ্টিয়া